গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০১৯.১৫ (অংশ-১)- ৯৭০৬

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৯ / ১৫ ডিসেম্বর, ২০২২

**বিষয়:** "পৌরসভার চাকুরী বিধিমালা ও সাংগঠনিক কাঠামো, ১৯৯২" এবং প্রস্তাবিত "পৌরসভা সাংগঠনিক কাঠামো ও চাকুরী বিধিমালা, ২০১৩" এর "হিসাব ও নিরীক্ষা উপ-বিভাগ"-কে "হিসাব ও নিরীক্ষা বিভাগ"-এ প্রতিস্থাপন সংক্রান্ত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫২১৯/২০১৭ এর ২০/১১/২০১৭ খ্রি. তারিখের আদেশ মোতাবেক ১১/০১/২০১৭ ও ০৬/১১/২০১৭ খ্রি. তারিখের আবেদন দুটি নিষ্পত্তিকরণ।

**সূত্র:** বাংলাদেশ পৌর হিসাবরক্ষণ এসোসিয়েশন-এর সভাপতি জনাব মোঃ কাওসার মাতুব্বর ও সহ-সভাপতি জনাব মোঃ শাহাদাৎ হোসেন-এর আবেদন, তারিখ: ০১/০৮/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "পৌরসভার চাকুরী বিধিমালা ও সাংগঠনিক কাঠামো, ১৯৯২" এবং প্রস্তাবিত "পৌরসভা সাংগঠনিক কাঠামো ও চাকুরী বিধিমালা, ২০১৩" এর "হিসাব ও নিরীক্ষা উপ-বিভাগ"-কে "হিসাব ও নিরীক্ষা বিভাগ"-এ প্রতিস্থাপন সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ আজিজুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা গং কর্তৃক স্থানীয় সরকার বিভাগ বরাবর ১১/০১/২০১৭ ও ০৬/১১/২০১৭ খ্রি. তারিখে আবেদন করা হয়। পৌরসভাসমূহ বর্তমানে "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" ও "পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২" অনুযায়ী পরিচালিত হচ্ছে। উক্ত আইন ও বিধিমালাতে "হিসাব ও নিরীক্ষা বিভাগ" নামে কোন বিভাগ না থাকায় বিদ্যমান আইন অনুযায়ী পৌরসভাসমূহে "হিসাব ও নিরীক্ষা বিভাগ" বাস্তবায়ন করা সম্ভব নয়। অন্যদিকে ২০১৩ সালে "পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২" এর সংশোধনী প্রস্তাব আনয়ন করা হয়। কিন্তু পরীক্ষা-নিরীক্ষার পর তা বাস্তবায়ন হয়নি। তবে, ২০১৫ সালে "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯"-এর ৭৭ ধারার ক্ষমতাবলে সরকার "পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২"-এর অধিকতর সংশোধন করে হিসাব শাখা-কে "হিসাব শাখা" শিরোণামে বহাল রাখা হয়। এ প্রেক্ষিতে বর্তমানে পৌরসভাসমূহে "হিসাব শাখা" শিরোণামে পৌরসভার হিসাব শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ অবস্থায় বিদ্যমান আইনি কাঠামোর মাধ্যমে ২০১৩ সালের প্রস্তাবিত খসড়া বিধিমালার উপর ভিত্তি করে আবেদনকারীগণের চাহিত মতে "হিসাব ও নিরীক্ষা বিভাগ" বাস্তবায়ন করার কোন সুযোগ নেই।

২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫২১৯/২০১৭ এর ২০/১১/২০১৭ খ্রি. তারিখের আদেশ মোতাবেক ১১/০১/২০১৭ ও ০৬/১১/২০১৭ খ্রি. তারিখের আবেদন দুটি বিদ্যমান আইন ও বিধিমালা অনুযায়ী বিবেচনা করার সুযোগ না থাকায় তা না মঞ্জুর করে নিষ্পত্তি করা হল এবং বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হল।

১৫/১২/2022
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ০২৯৫১৪১৪২

১. জনাব মোঃ আজিজুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
২. জনাব কাওসার মাতুব্বর, হিসাবরক্ষণ কর্মকর্তা, ভাঙ্গা পৌরসভা, ফরিদপুর।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০১৯.১৫ (অংশ-১)- ৯৭০৬/১(৭)

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৯ / ১৫ ডিসেম্বর, ২০২২

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সহকারী সচিব (আইন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সভাপতি/সহ-সভাপতি, বাংলাদেশ পৌর হিসাবরক্ষণ এসোসিয়েশন।
৭। অফিস কপি।

১৫/১২/2022
(মো: আব্দুর রহমান)
উপসচিব